# কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জাহান্নামে সবচেয়ে নিম্নমানের শাস্তির ধরন

হাদীসে এসেছে: সাহাবী নুমান ইবন বশীর রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«إِنَّ أَهْوَنَ أَهْلِ النَّارِ عَذَابًا مَنْ لَهُ نَعْلَانِ وَشِرَاكَانِ مِنْ نَارٍ، يَغْلِي مِنْهُمَا دِمَاغُهُ كَمَا يَغْلِ الْمِرْجَلُ، مَا يَرَى أَنَّ أَحَدًا أَشَدُّ مِنْهُ عَذَابًا وَإِنَّهُ لَأَهْوَنُهُمْ عَذَابًا»

“জাহান্নামীদের মধ্যে যার সবচেয়ে হাল্কা শাস্তি হবে তার শাস্তির ধরনটা এমন হবে যে, তার পায়ে আগুনের দুটো জুতা থাকবে ও আগুনের দুটো ফিতা থাকবে। এর আগুনের তাপে তার মগজ টগবগ করে ফুটতে থাকবে যেমন ডেগের মধ্যে পানি ফুটতে থাকে। লোকেরা তার অবস্থা দেখে মনে করবে এর চেয়ে বড় শাস্তি আর কিছু নেই। অথচ এ শাস্তিটা হলো সবচেয়ে হাল্কা শাস্তি”।[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম, হাদীস নং ২১৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13552

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন